দৈনিক ইনকিলাব

DEC. 22 1999

তারিখ ... ... DEC 22 1999.
পৃষ্ঠা ৭.৪ কলাম ৭

31



ভোলা ঃ ভোলা টাউন মাধ্যমিক বিদ্যালয়ের প্লাস্টার খসে যে কোন মুহূর্তে ঘটে যেতে পারে অনাকাঙ্খিত দুর্ঘটনা –ইনকিলাব

# ভোলা টাউন বিদ্যালয়ের প্লাস্টার খসে পড়ছে দুর্ঘটনার আশংকা

**ভোলা জেলা সংবাদদাতা ঃ** দক্ষিণাঞ্চলের প্রাচীন শিক্ষা প্রতিষ্ঠানগুলোর মধ্যে ভোলা টাউন মাধ্যমিক বিদ্যালয় একটি ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি বর্তমানে নানাবিধ সমস্যায় জর্জরিত। ১৯৩৫ সালে বিদ্যালয়টি প্রতিষ্ঠা লাভ করে। এই দীর্ঘ সময়ে বহু মানুষ এই প্রতিষ্ঠানে শিক্ষা লাভ করেছে। বর্তমানে বিদ্যালয় ভবনটি জড়াজীর্ণ অবস্থায় আছে। ১৯৬৫ সালে নির্মিত ভবনটি দেখলেই মনে হবে মেরামত করা হয়নি। ছাদ ও দেয়ালের প্লাস্টার খসে পড়ছে। যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। এই বিদ্যালয়ের শিক্ষাদানের পাশাপাশি ক্রীড়ার সুনাম সকলের মুখে মুখে। এক সময় আন্তঃবিশ্ববিদ্যালয় ফুটবলে ছিল প্রচণ্ড দাপট। একের পর এক সবাইকে পরাজিত করে ফুটবল দল এগিয়ে যেত।

বিদ্যালয়ের শিক্ষক তোফাজ্জেল হোসেন জানান, ছাদের প্লাস্টার খসে পড়ার ভয়ে আমরা সব সময় আতঙ্কিত থাকে। যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে।

বিদ্যালয়টি বিরাট একাডেমিক ভবনের জীর্ণদশা কাটিয়ে লেখা-পড়ার নিরাপদ পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে জরুরী মেরামত আবশ্যক।